# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৮৭ তারিখ: ০৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ / ২৩ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

আজ ২৩ আগস্ট ২০২৩ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর যৌথ উদ্যোগে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে রেডিসন হোটেল অ্যান্ড কনভেনশন সেন্টারে 'The Rise of Bengal Tiger: Bangladesh Trade & Business Summit' শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উক্ত সামিটে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উল্লেখ্য যে, বৈশ্বিক ব্যবসায়ীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বিভিন্ন দেশের সাথে পারস্পারিক বাণিজ্য ও বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ ও বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে দক্ষিণ আফ্রিকা এবং এর পার্শ্ববর্তী দেশসমূহের ব্যবসায়ীদের নিকট তুলে ধরা।

দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গে স্থানীয় সময় সকাল ১০:০০টায় সামিটের উদ্বোধন করেন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এই সামিটটি বাংলাদেশ ও দক্ষিণ আফ্রিকার মধ্যে অংশীদারিত্বকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা অনুষ্ঠানের প্রধান অতিথির ভাষণে বাণিজ্য, বিনিয়োগ, শিক্ষা, সংস্কৃতি এবং পর্যটনের মতো বিষয়ে দক্ষিণ আফ্রিকার সাথে দ্বিপাক্ষিক সম্পর্ক ও সহযোগিতার বিভিন্ন দিক তুলে ধরেন। পাশাপাশি তিনি আইসিটি, কৃষি, নবায়নযোগ্য জ্বালানি এবং ফার্মাসিউটিক্যালস-এর মতো কয়েকটি গুরুত্বপূর্ণ খাতে ব্যবসায় সম্প্রসারণ তথা বিনিয়োগের আহ্বান করেন এবং দক্ষিণ আফ্রিকার বিনিয়োগকারীদের বাংলাদেশে গড়ে তোলা বিশেষ অর্থনৈতিক অঞ্চলে বিনিয়োগের প্রস্তাব দেন।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে '50 years of Bangladesh: The Rise of Bengal Tiger' শীর্ষক প্রেজেন্টেশন উপস্থাপন করেন। তিনি বাংলাদেশের সামষ্টিক অর্থনৈতিক বিভিন্ন সূচক যেমনঃ উচ্চ জিডিপি প্রবৃদ্ধির হার, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা প্রভৃতি উল্লেখপূর্বক বাংলাদেশের অর্থনৈতিক অগ্রযাত্রা এবং সম্ভাবনার বিভিন্ন দিক তুলে ধরেন। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বের প্রসংশা করেন এবং দূরদর্শী নেতৃত্বের বলে বাংলাদেশ উন্নত-সমৃদ্ধ দেশ হওয়ার পথে এগিয়ে চলেছে বলে মন্তব্য করেন তিনি। একইসাথে তিনি পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করেন এবং অন্যের সহযোগিতা কামনা করেন।

পাতা-১/২

# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

উক্ত সামিটে Guest of Honor হিসেবে বক্তব্য রাখেন দক্ষিণ আফ্রিকার Public Works & Infrastructure মন্ত্রণালয়ের মন্ত্রী Mr. Sihle Zikalala এবং বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাননীয় প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ উপদেষ্টা জনাব সালমান ফজলুর রহমান। এছাড়াও অনুষ্ঠানে দক্ষিণ আফ্রিকায় নিযুক্ত বাংলাদেশের মাননীয় রাষ্ট্রদূত জনাব নূর-ই হেলাল সাইফুর রহমান, বিডার মাননীয় নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া, এফবিসিসিআই এর সাবেক প্রেসিডেন্ট জনাব জসিম উদ্দিন, Business Unity South Africa(BUSA) এর CEO Mr. Cas Coovadia এবং Black Business Council (BBC) এর CEO Mr. Kganki Matabane বক্তব্য রাখেন।

উক্ত অনুষ্ঠানে 'New Business Avenues and Opportunities Between South Africa and Bangladesh' শীর্ষক একটি উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচনায় আলোচকবৃন্দ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশে ব্যবসায় ও বাণিজ্যের সম্ভাব্যতা ও সুযোগ-সুবিধার কথা তুলে ধরেন। এছাড়া বাংলাদেশে ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণ বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর উক্ত প্যানেল আলোচনায় আলোচিত হয়। অন্যান্যের মধ্যে প্যানেলিস্ট হিসেবে আলোচনা করেন দক্ষিণ আফ্রিকার Indian Ocean Rims Business Forum(IORBF) এর South Africa Chapter এর চেয়ার Ms. Nokuthula Nokky Ndlovu।

দক্ষিণ আফ্রিকায় এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে আফ্রিকা মহাদেশে বাংলাদেশের বৈদেশিক ব্যবসা-বাণিজ্যের ব্যাপক সম্প্রসারণ হবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন। উল্লেখ্য যে, মাননীয় প্রধানমন্ত্রী BRICS শীর্ষ সম্মেলন ২০২৩ এ অংশ নিতে বর্তমানে দক্ষিণ আফ্রিকার জোহানেসবার্গ শহরে অবস্থান করছেন।

S. Azam
20/08/2023

মোহাম্মদ শফিউল আজম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

Page-2/2